

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
সংস্থাপন-১ শাখা  
www.mole.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১০.৩৮.০১.০০.০৮২.২০১০(অংশ-৩)-১১৭

তারিখ: ২২ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ এপ্রিল, ২০২৩ খ্রি:


প্রজ্ঞাপন

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব মো: বেলায়েত হোসেন-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩ (বি) মোতাবেক অসদাচরণের অভিযোগে গত ০৪-০৩-২০১৩ তারিখে অভিযোগনামা গঠনপূর্বক বিভাগীয় মামলা নং ১/২০১৩ রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গত ২৫-০২-২০১৫ তারিখের স্মারক নং-শ্রকম/শা-১০/পি-৯৯/২০০১-১০৯ আদেশে গুরুদন্ড হিসেবে “বাধ্যতামূলক অবসরদান” (Compulsory retirement) প্রদান করা হয়। অতঃপর জনাব মো: বেলায়েত হোসেন প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় ১০৮/২০১৫ নং মামলা করেন। উক্ত মামলায় জনাব মো: বেলায়েত হোসেনের অনুকূলে রায় হয়। উক্ত রায়ের বিরুদ্ধে পরবর্তীতে মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকায় ২৫৫/২০১৮ নং আপিল মামলা দায়ের করা হয়। উক্ত আপিল মামলাতেও জনাব মো: বেলায়েত হোসেনের অনুকূলে রায় হয়। বর্ণিত দু’টি মামলার রায় বাস্তবায়নে জনাব মোঃ বেলায়েত হোসেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বরাবর আবেদন করেন। উক্ত আবেদনের আলোকে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে জনাব মো: বেলায়েত হোসেন-কে সহকারী মহাপরিদর্শক (সাধারণ) পদে ২৫-০২-২০১৫ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকুরিতে পুনর্বহাল করা হলো।

০২। একইসাথে তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

০৩। এ আদেশ জনসার্থে জারি করা হলো এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
০৫/০৪/২০২৩  
(মুহাম্মদ আশরাফ হোসেন)  
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৭১৪০

section10@mole.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১০.৩৮.০১.০০.০৮২.২০১০(অংশ-৩)-১১৭/(১০)

তারিখ: ২২ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ এপ্রিল, ২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশপূর্বক মন্ত্রণালয় প্রেরণের অনুরোধসহ)।
- ৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। জনাব মো: বেলায়েত হোসেন, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), বাসা নং ১৭, রোড-৫, ব্লক-ই, বনশ্রী, রামপুরা, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন)/(শ্রম) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (অতি:সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৯। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১০। অফিস কপি/গার্ড ফাইল।